01. খাদ্যের ব্যাকটেরিয়া ধ্বংস করে দাঁতকে রক্ষা করে কোন এনজাইম?

A. লাইসোজাইম B. টায়ালিন C. মিউসিন D. এ্যামাইলেজ

সঠিক উত্তর A. লাইসোজাইম

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	পরিপাক ও শোষণ	লালাগ্রন্থি	Page- 484, প্যারালাল

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: লালাসম্পর্কিত তথ্য: লালার অধিকাংশই পানি (95.5%-99.5%)। একজন সুস্থ মানুষের 1200-1500 মিলিলিটার লালা ক্ষরণ করে। এর pH 6.2-7.4। লালারাসে থেকে লাইসোজাইম এনজাইম নিঃসৃত হয়। যা ব্যাকটেরিয়া ধ্বংস করে। টায়ালিন ও মল্টেজ নামক 2টি শর্করা বিশ্লেষী এনজাইম ক্ষরণ করে। চোখের পানিতেও লাইসোজাইম এনজাইম পাওয়া যায়।

02. জীবন্ত জীবাশ্ম কোনটি?

A. *Pinus* B. *Cycas* C. *Zamia* D. *Podocarpus*

সঠিক উত্তর B. *Cycas*

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ	সাইকাস	Page- 442, খুবি, প্রশ্ন নং-02

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: জীবন্ত জীবাশ্ম: বর্তমানকালের কোনো জীবিত উদ্ভিদের বৈশিষ্ট্য অতীতকালের কোনো জীবাশ্ম উদ্ভিদের বৈশিষ্ট্যের সাথে মিলসম্পন্ন হলে তাকে জীবন্ত জীবাশ্ম বলা হয়। *Cycas* একটি জীবন্ত জীবাশ্ম বা লিভিং ফসিল।

03. ক্লোরোপ্লাস্ট উপস্থিত থাকে কোন অণুজীবে?

A. *Bacillus spp.* B. *Plasmodium spp.* C. *Mucor spp.* D. *Spirogyra spp.*

সঠিক উত্তর D. *Spirogyra spp.*

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	কোষ ও এর গঠন	প্লাস্টিড	Page- 457, খুবি, 2017-18 সালের প্রশ্নের অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ক্লোরোপ্লাস্ট সাধারণ সবুজ উদ্ভিদ ও সবুজ শৈবালে পাওয়া যায়। স্পাইরোগাইরা একটি সবুজ শৈবাল।

- মিউকর একটি ছত্রাক ও ব্যাসিলাস একটি ব্যাকটেরিয়া, যারা ক্লোরোফিলবিহীন।
- প্লাজমোডিয়াম ম্যালেরিয়া রোগের জীবাণু।

04. ক্রেবস চক্রের বিক্রিয়াগুলো কোষের কোথায় সংঘটিত হয়?

A. মাইটোকন্ড্রিয়ায় B. ক্লোরোপ্লাস্টে C. সাইটোপ্লাজমে D. রাইবোসোমে

সঠিক উত্তর A. মাইটোকন্ড্রিয়ায়

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	উদ্ভিদ শারীরতত্ত্ব	শ্বসন	Page- 449

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বিভিন্ন ক্রিয়া-বিক্রিয়া সংগঠনের স্থান:

ক্রিয়া-বিক্রিয়ার নাম	সংগঠনের স্থান	ক্রিয়া-বিক্রিয়ার নাম	সংগঠনের স্থান
ETS	মাইটোকন্ড্রিয়ার মেমব্রেনে	গ্লাইকোলাইসিস	সাইটোপ্লাজম
সালোকসংশ্লেষণ	ক্লোরোপ্লাস্ট	পাইরুভিকএসিডের জারণ	মাইটোকন্ড্রিয়ার ম্যাট্রিক্স
আলোকনির্ভর অধ্যায়	থাইলাকয়েড মেমব্রেন	ক্রেবস চক্র/সাইট্রিক এসিড চক্র	মাইটোকন্ড্রিয়ার ম্যাট্রিক্স
আলোক নিরপেক্ষ অধ্যায়	ক্লোরোপ্লাস্টের স্ট্রোমা	ফটোফসফোরাইলেশন	থাইলাকয়েড মেমব্রেন
শ্বসন	সাইটোপ্লাজম ও মাইটোকন্ড্রিয়া	অক্সিডেটিভ ফসফোরাইলেশন	মাইটোকন্ড্রিয়ার ক্রিস্টি

05. কোষ বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোম V, L, J, I আকৃতি ধারণ করে?

A. প্রোফেজ B. মেটাফেজ C. অ্যানাফেজ D. টেলোফেজ

সঠিক উত্তর C. অ্যানাফেজ

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	কোষ বিভাজন	অ্যানাফেজ ধাপ	Page- 437

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ক্রোমোসোমের আকৃতি:

ক্রোমোসোম	আকৃতি	ক্রোমোসোম	আকৃতি	ক্রোমোসোম	আকৃতি	ক্রোমোসোম	আকৃতি
মেটাসেন্ট্রিক	V	এক্রোসেন্ট্রিক	J	সাবমেটাসেন্ট্রিক	L	টেলোসেন্ট্রিক	I

06. কোনটি স্টার্ট কোডন?

A. AUG B. UAH C. UAG D. UGA

সঠিক উত্তর A. AUG

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	কোষ ও এর গঠন	জেনেটিক কোড	Page- 457

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: সমাপ্তি নির্দেশ: 64টি কোডের মধ্যে 3টি কোড কোনো অ্যামিনো এসিডকে কোড করে না, এরা পলিপেপটাইড সংশ্লেষণের সমাপ্তি সংকেত প্রদান করে। এদেরকে সমাপনী কোড বা নন-সেন্স কোড বা টার্মিনাল কোড বলে। সমাপনী কোড তিনটি হচ্ছে– UAA (Ochre), UAG (Amber) এবং UGA (Opal)। স্টার্ট কোডন একটি- AUG।

07. 'আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স' কোথায় থাকে?

A. পাকস্থলী B. লালাগ্রন্থি C. অগ্ন্যাশয় D. যকৃত

সঠিক উত্তর C. অগ্ন্যাশয়

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	পরিপাক ও শোষণ	অগ্ন্যাশয়	Page- 484

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: অগ্ন্যাশয়ের গ্রন্থি সম্পর্কিত তথ্য:

- **বহিঃক্ষরা গ্রন্থি:** অগ্ন্যাশয়ে অসংখ্য লোবিউল বা অ্যাসিনাস থাকে। প্রতিটি লোবিউল একটি কেন্দ্রীয় লুমেন (ক্ষুদ্র নালি) এবং লুমেনকে ঘিরে বৃত্তাকারে সজ্জিত একসারি কোষ নিয়ে গঠিত। লোবিউলের কোষ থেকে অগ্ন্যাশয় রস নিঃসৃত হয়। লুমেন প্রকৃতপক্ষে ক্ষুদ্র অগ্ন্যাশয় নালিকা। সকল অ্যাসিনাসের লুমেন বা ক্ষুদ্র অগ্ন্যাশয় নালিকাগুলো একত্রিত হয়ে প্রধান অগ্ন্যাশয় নালি বা উইর্সাং নালি গঠন করে।
- **অন্তঃক্ষরা গ্রন্থি:** লোবিউলগুলোর ফাঁকে ফাঁকে কিছু বহুভুজাকার কোষ গুচ্ছাকারে অবস্থান করে। এদের আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স বা ল্যাঙ্গারহ্যান্সের দ্বীপপুঞ্জ বলে। এতে 4 ধরনের কোষ পাওয়া যায়। কোষগুলো নালিবিহীন এবং এসব কোষগুলো থেকে হরমোন নিঃসৃত হয়।

08. বাংলাদেশের বিলুপ্তপ্রায় উদ্ভিদ কোনটি?

A. সেগুন B. চাপালিশ C. তালিপাম D. জারুল

সঠিক উত্তর C. তালিপাম

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ	বিলুপ্তপ্রায় উদ্ভিদ	Page- 475, প্রশ্ন- HSTU

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বাংলাদেশের বিলুপ্তপ্রায় বিভিন্ন উদ্ভিদ:

উদ্ভিদের শ্রেণী	নাম/বৈজ্ঞানিক নাম
ফার্ণবর্গীয় উদ্ভিদ	• *Psilotum triquetrum* • *Tectaria chattagramica*
নগ্নবীজী উদ্ভিদ	• *Cycas pectinata* • *Podocarpus nerifolia* • *Gnetum funiculare*
আবৃতবীজী উদ্ভিদ	• কোরুদ- *Licuala peltata* • মল্লিকা ঝাঁঝি- *Aldrovanda vesiculosa* • বাংলাদেশের এন্ডেমিক { রোটেলা- *Rotela cimpliciuscula*; ক্ষুদে বড়লা- *Knema bengalensis* } • তালি পাম- *Corypha taliera Roxb* • আগর- *Aquillaria agallocha* • জংলি গোলাপ- *Rosa involucrata*

09. কোন টিস্যুর প্রোটোপ্লাজম ক্রমান্বয়ে মৃত কোষে পরিণত হয়?

A. প্যারেনকাইমা B. স্ক্লেরেনকাইমা C. অ্যারেনকাইমা D. কোলেনকাইমা

সঠিক উত্তর B. স্ক্লেরেনকাইমা

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	টিস্যু ও টিস্যুতন্ত্র	টিস্যুতন্ত্র	Page- 445

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: স্ক্লেরেনকাইমা এক প্রকার সরল টিস্যু যার কোষগুলো মৃত থাকে। কোষ মৃত থাকার কারণে এতে কোনো প্রোটোপ্লাজম থাকে না বা মৃত থাকে।

10. কোন পুষ্টি উপাদানের অভাবে উদ্ভিদের পাতা ও ফল ঝরে পড়ে?

A. আয়রন B. ম্যাঙ্গানিজ C. জিংক D. ফসফরাস

সঠিক উত্তর D. ফসফরাস

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	উদ্ভিদ শারীরতত্ত্ব	উদ্ভিদের জন্য প্রয়োজনীয় বিভিন্ন মৌল	Page- 449

সঠিক উত্তরের পক্ষে যুক্তি:বিভিন্ন মৌলের অভাবজনিত রোগ:

মৌলের নাম	অভাবজনিত রোগ
নাইট্রোজেন	পাতা হলুদ হয়ে যায়। একে ক্লোরোসিস বলে। লৌহ, ম্যাঙ্গানিজ বা দস্তার অভাবে ক্লোরোসিস হতে পারে।
ফসফরাস	পাতা বেগুনি হয়ে যায় এবং পাতা, ফুল ও ফল ঝড়ে যেতে পারে। যার কারণে উদ্ভিদের বৃদ্ধি বন্ধ হয়ে যায়।
পটাসিয়াম	পাতার শীর্ষ ও কিনারা হলুদ হয় এবং মৃত অঞ্চল সৃষ্টি হয়। তাছাড়া পাতার কিনারায় পুড়ে যাওয়া সদৃশ বাদামী রং দেখা যায় এবং পাতা কুকড়ে যায়। ফলে উদ্ভিদের বৃদ্ধি কম হয় এবং শীর্ষ ও পার্শ্ব মুকুল মরে যায়।
ক্যালসিয়াম	উদ্ভিদের বর্ধনশীল শীর্ষ অঞ্চল, পাতার কিনারা বরাবর অঞ্চলগুলো মরে যায় এবং উদ্ভিদ নেতিয়ে পড়ে।
ম্যাগনেসিয়াম	পাতার সবুজ রং হালকা হয়ে যায় এবং ক্লোরোসিস দেখা যায়।
লৌহ	ক্লোরোসিস দেখা যায় এবং কাণ্ড দুর্বল ও ছোট হয়।
সালফার	সালফারের অভাবে পাতা হালকা সবুজ হয় এবং পাতায় লাল, বেগুনি দাগ সৃষ্টি হয়। এছাড়া এর অভাবে মূল, কাণ্ড এবং পাতার শীর্ষ থেকে শুরু করে পর্যায়ক্রমে টিস্যু মারা যেতে থাকে যাকে ডাইব্যাক বলে।
বোরন	উদ্ভিদের বর্ধনশীল অগ্রভাগ মরে যায় ও ফুলের কুড়ির জন্ম ব্যাহত হয়।

11. DNA রঞ্জিতকরণে ব্যবহার করা হয়–

A. Feulgen stain B. Methylene bluc C. Crystal Violet D. Safranin

সঠিক উত্তর A. Feulgen stain

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	কোষ ও এর গঠন	DNA	Page- 456, অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Feulgen stain এক প্রকার রঞ্জনভিত্তিক টেকনিক যা রবার্ট ফিউলগেন আবিষ্কার করেন। সাধারণত টিস্যু বা কোষ থেকে ক্রোমোসোম বা DNA শনাক্ত করার জন্য ব্যবহৃত হয়।

12. কোনটি সিমবায়োটিক অ্যাসোসিয়েশন?

A. Human-lice B. Bean-bacteria C. Goat-tapeworm D. Human-worm

সঠিক উত্তর B. Bean-bacteria

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	অণুজীব	ব্যাকটেরিয়ার উপকারিতা	Page- 468, HSTU এর প্রশ্ন নং-05 এর অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: নাইট্রোজেন সংবন্ধন: *Azotobacter, Clostridium, Pseudomonas* প্রভৃতি ব্যাকটেরিয়া সরাসরি বায়ু থেকে মুক্ত নাইট্রোজেন গ্রহন করে নাইট্রোজেনঘটিত যৌগ হিসেবে মাটিতে স্থাপন করে, যার ফলে মাটির উর্বরতা বৃদ্ধি পায়। *Rhizobium* ব্যাকটেরিয়া শিমজাতীয় উদ্ভিদের মূলের নডিউলে নাইট্রোজেন সংবন্ধন করে। এভাবে মাটি নাইট্রোজেন সমৃদ্ধ হয়ে উর্বর হয়। অধুনা *Rhizobium* কে জীবাণুসার হিসেবে ব্যবহার করা হচ্ছে। বাংলাদেশে মসুর ডালের মূলে *Rhizobium* গণের তিনটি প্রজাতি নডিউল তৈরি করে। এগুলো হলো- *R. bangladeshense, R. bine* এবং *R. lentis*। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)-এর তরুণ বিজ্ঞানী ড. মো: হারুন-অর রশিদ এই নতুন ব্যাকটেরিয়ার আবিষ্কারক।

13. মেঘাচ্ছন্ন সন্ধ্যাবেলায় একটি ঘাসফড়িং তার পুঞ্জাক্ষীতে কোন ধরনের প্রতিবিম্ব দেখতে পাবে?

A. মোজাইক B. সুপারপজিশন C. সরল D. জটিল

সঠিক উত্তর B. সুপারপজিশন

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	প্রাণীর পরিচিতি	ঘাসফড়িং	Page- 482, JUST 2017-18 প্রশ্নের অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি:সুপারপজিশন ও এপোজিশন প্রতিবিম্বের মধ্যে পার্থক্য:

তুলনীয় বিষয়	সুপারপজিশন	অ্যাপোজিশন	তুলনীয় বিষয়	সুপারপজিশন	অ্যাপোজিশন
আলোকের তীব্রতা	মৃদু আলোক	উজ্জ্বল আলোকে	আলোক রশ্মি	তীর্যক ও উলম্ব উভয় ধরনের রশ্মি থেকেই প্রতিবিম্ব সৃষ্টি হয়	শুধু উলম্ব রশ্মি থেকে প্রতিবিম্ব সৃষ্টি হয়
আইরিশ পর্দার রঞ্জক পদার্থ	সংকুচিত হয়	বিস্তৃত হয়	প্রতিবিম্বের প্রকৃতি	অস্পষ্ট, সামগ্রিক ও ঝাপসা	পৃথক ও সুস্পষ্ট

14. সার্স, ইবোলা এবং নভেল করোনা কী ধরনের ভাইরাস?

A. Tipula Iridescent B. T_2 C. এডিনোহার্পিস সিমপ্লেক্স D. ইমার্জিং

সঠিক উত্তর D. ইমার্জিং

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	অণুজীব	ইমার্জিং ভাইরাস	Page- 465, KU 204-15 প্রশ্নের অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ইমার্জিং ভাইরাস: আদি পোষক থেকে পরে নতুন পোষক প্রজাতিতে রোগ সৃষ্টিকারী ভাইরাসকে বলা হয় ইমার্জিং ভাইরাস। HIV, Ebola, Nile, SARS, করোনা ভাইরাস।

15. গবেষণাগারে উদ্ভিদের টিস্যুর সংখ্যাবৃদ্ধি প্রযুক্তি-

A. Biopharming B. Tissue culture C. Genome sequencing D. Genetic engineering

সঠিক উত্তর B. Tissue culture

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	জীব প্রযুক্তি	টিস্যু কালচার	Page- 471, প্রশ্নের অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: উদ্ভিদের যেকোনো বিভাজনক্ষম অঙ্গ থেকে (যেমন- শীর্ষমুকুল, কক্ষমুকুল, কচিপাতা, পাঁপড়ি) বিচ্ছিন্ন কোনো টিস্যু সম্পূর্ণ জীবাণুমুক্ত অবস্থায় উপযুক্ত পুষ্টি মাধ্যমে বৃদ্ধিকরণ করাকে টিস্যুকালচার বলে।

16. কংগ্লোবেট গ্রন্থি কার আছে?

A. ব্যাঙ B. হাইড্রা C. অক্টোপাস D. তেলাপোকা

সঠিক উত্তর D. তেলাপোকা

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	প্রাণীর পরিচিতি	-	Old Syllabus

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: লম্বাকৃতির কংগ্লোবেট গ্রন্থি তেলাপোকার পুং প্রজননতন্ত্রের একটি অংশ যা ক্ষেপন নালির অঙ্কীয় দিকে অবস্থিত। এই গ্রন্থির নালিটি একটি পৃথক ছিদ্রপথে জননথলিতে উন্মুক্ত হয়। এ গ্রন্থির নিঃসৃত রস জননথলির মধ্যে আগত শুক্রাণুগুলোকে দিয়ে স্পার্মাটোফোর নামক ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকাকার থলি গঠন করে যা শুক্রাণুকে ধরে রাখে।

17. AB – গ্রুপের ব্যক্তিরা কোন কোন গ্রুপকে রক্ত দান করতে পারে?

A. AB+, AB– B. B+, AB+ C. O+, AB+, AB– D. A+, B+, O+

সঠিক উত্তর A. AB+, AB–

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	ব্লাড গ্রুপ	Page- 493 প্রশ্নের অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বিভিন্ন ব্লাডগ্রুপের বৈশিষ্ট্য:

ব্লাডগ্রুপ	যে গ্রুপকে রক্ত দান করতে পারে	যে গ্রুপ থেকে রক্ত গ্রহণ করতে পারে	ব্লাডগ্রুপ	যে গ্রুপকে রক্ত দান করতে পারে	যে গ্রুপ থেকে রক্ত গ্রহণ করতে পারে
A^+	A^+, AB^+	A^+, A^-, O^+, O^-	A^-	A^+, A^-, AB^+, AB^-	A^-, O^-
B^+	B^+, AB^+	B^+, B^-, O^+, O^-	B^-	B^+, B^-, AB^+, AB^-	B^-, O^-
AB^+	AB^+	সব গ্রুপের	AB^-	AB^+, AB^-	AB^-, A^-, B^-, O^-
O^+	O^+, A^+, B^+, AB^+	O^+, O^-	O^-	সব গ্রুপকে	O^-

18. লবণাক্ত পরিবেশে জন্মে ও বিস্তার লাভ করে কোন ধরনের উদ্ভিদ?

A. Halophytes B. Mesophytes C. Xerophytes D. Hydrophytes

সঠিক উত্তর A. Halophytes

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ	উদ্ভিদের অভিযোজন	Page- 474

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বিভিন্ন ধরনের উদ্ভিদ:

উদ্ভিদ	বাসস্থান	উদ্ভিদ	বাসস্থান
জেরোফাইট	মরুভূমি	**ইপিফাইট**	অন্য উদ্ভিদের গায়ে
হাইড্রোফাইট	জলজ	**মেসোফাইট**	সাধারণ মাটির উদ্ভিদ
হ্যালোফাইট	লবণাক্ত		

19. সৌরশক্তির সাহায্যে ADP এর সাথে এক অণু ফসফেট যুক্ত হয়ে ATP তৈরি হওয়ার প্রক্রিয়াকে বলে–

A. সালোকসংশ্লেষণ B. গ্লাইকোলাইসিস C. ফটোফসফোরাইলেশন D. শ্বসন

সঠিক উত্তর C. ফটোফসফোরাইলেশন

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	উদ্ভিদ শারীরতত্ত্ব	ফটোফসফোরাইলেশন	Page- 449

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: উদ্ভিদের বিভিন্ন শারীরতাত্ত্বিক প্রক্রিয়া:

- সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কার্বনডাই অক্সাইড ও পানি আলোর উপস্থিতিতে বিক্রিয়া করে শর্করা জাতীয় খাদ্য তৈরি করে।
- গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ জারিত হয়ে দুই অণু পাইরুভিক এসিড তৈরি করে।
- শ্বসনের মাধ্যমে গ্লুকোজ জারিত হয়ে ATP উৎপন্ন হয়।

20. বীজহীন ফল উৎপাদন প্রক্রিয়াকে কী বলা হয়?

A. পার্থেনোকার্পি B. অ্যান্ড্রোজেনেসিস C. মাইক্রোপ্রোপাগেশন D. অ্যাপোস্পোরি

সঠিক উত্তর A. পার্থেনোকার্পি

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	উদ্ভিদ প্রজনন	পার্থেনোজেনেসিস	Page- 454

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: অপুংজনি: যে প্রজনন প্রক্রিয়ায় ডিম্বাণুটি নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টি করে এবং ডিম্বক স্বাভাবিক বীজে পরিণত হয় তাকে পারথেনোজেনেসিস বা অপুংজনি বলে।

পার্থেনোকার্পি: পরাগযোগ ও নিষেক ছাড়া আবৃতবীজী উদ্ভিদের ডিম্বাশয় থেকে বীজহীন ফল উৎপাদনের প্রক্রিয়াকে পার্থেনোকার্পি বলে।

- **অ্যাপোস্পোরি:** ডিম্বকের দেহকোষ থেকে সৃষ্ট ডিপ্লয়েড ভ্রূণথলির ডিপ্লয়েড ডিম্বাণুটি হতে নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে বলা হয় অ্যাপোস্পোরি। অ্যাপোস্পোরি প্রক্রিয়ায় সৃষ্ট উদ্ভিদ ডিপ্লয়েড হয় এবং মাতৃ উদ্ভিদের সমগুণসম্পন্ন হয়। *Hieracium* উদ্ভিদে এরূপ হতে দেখা যায়।
- **অ্যাডভেনটিটিভ এমব্রায়োনি:** ডিম্বকের ডিম্বক ত্বক বা নিউসেলাসের যেকোনো কোষ হতে ভ্রূণথলি গঠন ছাড়াই ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে বলা হয় অ্যাডভেনটিটিভ এমব্রায়োনি।
- **অ্যাপোগ্যামি:** ডিম্বাণু ছাড়া ভ্রূণথলির অন্য যেকোনো কোষ থেকে ভ্রূণ সৃষ্টির প্রক্রিয়াকে অ্যাপোগ্যামি বলে। এক্ষেত্রে নিষেক ছাড়াই ভ্রূণ সৃষ্টি হয়। *Allium*-এ এরূপ লক্ষ্য করা যায়।
- **অ্যাগামোস্পোর্মি:** ডিম্বাণু, ভ্রূণথলি বা ডিম্বকের অন্যান্য কোষ থেকে নিষেক ছাড়া ভ্রূণ তৈরির এসব প্রক্রিয়াকে সামগ্রিকভাবে বলা হয় অ্যাগামোস্পার্মি।
- **সিউডোগ্যামি:** অ্যাগামোস্পার্মি অনুপ্রেরণা সৃষ্টির জন্য পরাগায়ন আবশ্যকীয় হলে তাকে বলা হয় সিউডোগ্যামি। শাঁস তৈরির জন্যই পরাগায়নের প্রয়োজন হয়, ভ্রূণ তৈরির জন্য নয়।

21. দ্বিনিষেক প্রক্রিয়া কোন উদ্ভিদের বৈশিষ্ট্য?

A. ব্রায়োফাইট B. টেরিডোফাইট C. নগ্নবীজী D. গুপ্তবীজী

সঠিক উত্তর D. গুপ্তবীজী

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ	আবৃতবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য	Page- 441

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদের পার্থক্য:

নগ্নবীজী (ব্যক্তবীজী)	আবৃতবীজী (গুপ্তবীজী)	নগ্নবীজী (ব্যক্তবীজী)	আবৃতবীজী (গুপ্তবীজী)
গর্ভাশয় না থাকায় ফল হয় না।	গর্ভাশয় ফলে পরিণত হয়।	দ্বি-নিষেক হয় না।	দ্বিনিষেক হয়।
ফল হয় না বলে বীজ নগ্ন অবস্থায় থাকে।	বীজ ফলের ভেতরে লুকায়িত।	এন্ডোস্পার্ম হ্যাপ্লয়েড। নিষেকের পূর্বে উৎপন্ন হয়।	এন্ডোস্পার্ম ট্রিপ্লয়েড। নিষেকের পরে উৎপন্ন হয়।

22. পরিপূরক জিন এর ফিনোটাইপিক অনুপাত–

A. 9 : 3 : 3 : 1 B. 1 : 2 : 1 C. 13 : 3 D. 9 : 7

সঠিক উত্তর D. 9 : 7

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	মেন্ডেলের ২য় সূত্রের ব্যতিক্রম	Page- 492

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মেন্ডেলের বিভিন্ন সূত্রের অনুপাত:

অনুপাত	সূত্র	অনুপাত	সূত্র
9 : 7	দ্বৈত প্রচ্ছন্ন, পরিপূরক জিন	**3:1**	মনোহাইব্রিড ক্রস
13 : 3	প্রকট এপিস্ট্যাটিস	**2:1**	মারণ জিন বা লিথাল জিন
9:3:3:1	ডাইহাইব্রিড ক্রস	**1:4:6:4:1**	পলিজেনিক ইনহেরিট্যান্স
1:2:1	অসম্পূর্ণ প্রকটতা, সম প্রকটতা		

23. কোন ধরনের উদ্ভিদ উচ্চ তাপমাত্রায় খাপ খাইয়ে নিতে সক্ষম?

A. C_3 উদ্ভিদ B. C_4 উদ্ভিদ C. C_3 ও C_4 উদ্ভিদ উভয় D. কোনটিই নয়

সঠিক উত্তর B. C_4 উদ্ভিদ

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	উদ্ভিদ শারীরতত্ত্ব	C_3 ও C_4 চক্রের পার্থক্য	Page- 448

সঠিক উত্তরের পক্ষে যুক্তি:ক্যালভিন চক্র ও হ্যাচ এ্যান্ড স্ল্যাক চক্রের মধ্যে পার্থক্য:

ক্যালভিন চক্র	হ্যাচ এ্যান্ড স্ল্যাক চক্র
কেবল মেসোফিল কোষে হয়	মেসোফিল ও বান্ডলসীথ কোষে হয়।
ফটোরেসপিরেশন ঘটে	ফটোরেসপিরেশন ঘটে না।
প্রাথমিক CO_2 গ্রহীতা RuBP (Ribulose 1,5 bisphosphate)	প্রাথমিক CO_2 গ্রহীতা PEP (Phosphoenol Pyruvate)
CO_2 ফিকসিং এনজাইম রুবিস্কো	CO_2 ফিকসিং এনজাইম PEP কার্বোক্সিলেজ।
প্রথম স্থায়ী দ্রব্য 3PG (3-কার্বন)	প্রথম স্থায়ী দ্রব্য অক্সালো অ্যাসিটিক এসিড (4-কার্বন)।
CO_2 এর জন্য কার্বোক্সিলেজ এর দক্ষতা মধ্যম	CO_2 এর জন্য কার্বোক্সিলেজ এর দক্ষতা উচ্চ।
ক্লোরোপ্লাস্টের ধরন একই রকম	ব্যবহৃত ক্লোরোপ্লাস্টের ধরন দু'রকম (বান্ডল সীথ ক্লোরোপ্লাস্টে উন্নত গ্রানাম থাকে না)।
এ চক্রের জন্য আদর্শ তাপমাত্রা 10° সে. থেকে 25° সে.।	এ চক্রের জন্য আদর্শ তাপমাত্রা 30° সে. থেকে 45° সে।
বায়ুমন্ডলে প্রতি মিলিয়নে কমপক্ষে ৫০ ppm পরিমাণ CO_2 থাকা প্রয়োজন।	বায়ুমন্ডলে প্রতি মিলিয়নে নিম্নতম 0.10 ppm পরিমাণ CO_2 থাকলেও চলে।

24. মাসকুলার ডিস্ট্রফি রোগের লক্ষণ–

A. সারা শরীরে ঘন লোম হওয়া B. বর্ণান্ধতা C. পেশির দূর্বলতা ও সমন্বয়ের অভাব D. অ্যান্টিবডি তৈরি না হওয়া

সঠিক উত্তর C. পেশির দূর্বলতা ও সমন্বয়ের অভাব

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	জিনতত্ত্ব ও বিবর্তন	Sex Linked Disorder	Page- 493

সঠিক উত্তরের পক্ষে যুক্তি:কয়েকটি লিঙ্গজড়িত অস্বাভাবিকতা:

লিঙ্গজড়িত অস্বাভাবিকতা	লক্ষণ
লাল-সবুজ বর্ণান্ধতা	লাল ও সবুজ বর্ণের পার্থক্য বুঝতে পারে না। আমেরিকার 8% পুরুষ ও 0.5% মহিলাতে দেখা যায়।
হিমোফিলিয়া	রক্তজমাট বিলম্বিত হয়, ফলে ক্ষতস্থান থেকে অবিরাম রক্ত ক্ষরিত হয়ে মৃত্যু পর্যন্ত ঘটে। পুরুষে দেখা যায়। রাশিয়ান সিজার রাজ বংশে এই রোগ ছিল।
ডুশেনি মাসক্যুলার ডিস্ট্রফি	পেশী শক্ত হয়ে যায়, 10 বছর বয়সেই চলন ক্ষমতা হারিয়ে ফেলে, 20 বছরের মধ্যে মারা যায়।
রাতকানা	রাতে কোন কিছু দেখতে পায় না।
ফ্রাজাইল-X সিনড্রম	অটিজম ও মানসিক ভারসাম্যহীনতা দেখা দেয়।
টেস্টিকুলার ফেমিনাইজেশন	পুরুষ ধীরে ধীরে স্ত্রীতে পরিণত হয়।
হাইপারট্রাইকোসিস	সমগ্র দেহে ঘন লোমের উপস্থিতি।
ডায়াবেটিস ইনসিপিডাস	অস্বাভাবিক মূত্রত্যাগ, শারীরিক অক্ষমতা।
এনহাইড্রোটিক এক্টোডার্মাল ডিসপ্লাসিয়া	দাঁত, লোম এবং ঘার্মগ্রন্থির অনুপস্থিত।
মায়োপিয়া	দৃষ্টিক্ষীণতা, দূরের জিনিস ভালোভাবে দেখতে না পারা।
হোয়াইট ফোরলক	মাথার চুল আংশিক সাদা হওয়া।
জুভেনাইল গ্লুকোমা	চক্ষুগোলকের কাঠিন্য এবং ছানি পড়া।
স্পাজটিক প্যারাপেলাজিয়া	মাংসপেশির আংশিক অবশতা ও অনিয়ত কাঠিন্য।
অপটিক এট্রফি	অপটিক নার্ভের ক্ষয়িষ্ণুতা

25. পেশি সংকোচনের জন্য কোন আয়নটি অত্যাবশ্যকীয়?

A. Na B. Ca C. K D. Cl

সঠিক উত্তর B. Ca

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	চলন ও অঙ্গ চালনা	পেশি	Page- 498, MBSTU 2019-20 প্রশ্নের অনুরূপ

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ক্যালসিয়াম আয়ন ক্যালডোলিনের সাথে যুক্ত হয়ে অ্যাকটিন ও মায়োসিন প্রোটিনের মধ্যে ক্রস কানেকশন ঘটায়। যার কারণে পেশি সংকুচিত হয়।

প্রশ্ন- ২৫টি | বাংলা | নম্বর- ২৫

01. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।'- এ লাইনে 'আঠারো শব্দটি কী অর্থে ব্যবহার করা হয়েছে?

A. বয়স B. নতুন জীবন রচনার স্বপ্ন C. নির্দিষ্ট সাল D. সাধারণ সংখ্যা

সঠিক উত্তর B. নতুন জীবন রচনার স্বপ্ন

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	আঠারো বছর বয়স	কবিতার লাইন	পৃষ্ঠা: ৫৭৮

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: এদেশের বুকে আঠারো আবার নতুন জীবন রচিত করবার আশা ব্যক্ত করা হয়েছে। সকল বাধা-ব্যবধানকে তুচ্ছ জ্ঞান করে দুর্বিনীত যৌবনে পদার্পণ করে বলে কবি এ বয়সকে নতুন জীবন রচনার স্বপ্ন হিসেবে বিবেচনা করেন। আঠারো বছর বয়স জীবনের ঝুঁকি নিয়ে দাড়ায়ে যায় অন্যায়ের বিরুদ্ধে। নানা দুঃসাহসী স্বপ্ন, কল্পনা ও উদ্যেত্বে সামনে রেখে। আঠারো বছর বয়স জীবনের ঝুঁকি নিয়ে দাঁড়াবে যারা অন্যায়ের বিরুদ্ধে, নানা দুঃসাহসী স্বপ্ন, কল্পনা ও উদ্যোতা সামনে রেখে সকল বাধা -ব্যবধানকে তুচ্ছ জ্ঞান করে দুর্বিনীত যৌবনে পর্দাপণ করে বলে কবি এ বয়সকে নতুন জীবন রচনার স্বপ্ন হিসেবে বিবেচনা করেন।

02. 'চতুর্দিকে মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ'- লাইনটি কোন কবিতার অন্তর্গত?

A. ঐকতান B. সাম্যবাদী C. সুখ D. ফেব্রুয়ারি ১৯৬৯

সঠিক উত্তর D. ফেব্রুয়ারি ১৯৬৯

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	ফেব্রুয়ারী ১৯৬৯	অনুধাবন	পৃষ্ঠা: ৫৭৪

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: আলোচ্য লাইনটি ফেব্রুয়ারি ১৯৬৯ থেকে নেয়া হয়েছে। কবিতাটির অন্যান্য গুরুত্বপূর্ণ লাইন হলো:

- সালামের হাত থেকে নক্ষত্রের মতো ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা
- সেই ফুল আমাদেরই প্রাণ।
- এখন সে রঙে ছেগে গেছে পথ-ঘাট, সারাদেশ।
- সালামের মুখে আজ তরুণ শ্যামল পূর্ব বাংলা।

যেখানে নগর জীবনের যন্ত্রণা, একাকিত্ব, পারিবারিক ও সামাজিক বন্ধন ইত্যাদি কবি তার আপন ভাষায় তুলে ধরেছেন।

03. মূল ফরাসী ভাষায় 'নেকলেস' গল্পটির নাম কি?

A. Collier B. La Parure C. La fiesta D. Le Parure

সঠিক উত্তর B. La Parure

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	নেকলেস	ভূমিকা পাঠ	পৃষ্ঠা: ৫৬৯

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ফরাসি ভাষায় গল্পটির নাম La Parure. ১৮৮৪ সালের ১৭ই ফেব্রুয়ারি ফরাসি পত্রিকা La Gaulois এ গল্পটি প্রকাশিত হয়। এবং সে বছরই ইংরেজিতে অনূদিত হয়। গল্পটি যেমন ভিন্ন ঘটনাধর্মী কাহিনী দিয়ে শুরু ঠিক তেমনি বিভিন্ন ঘটনা প্রবাহের মাধ্যমে একটি নাটকীয় শেষের জন্য পাঠককে বরাবরই শোহিত করে।

04. সম্প্রতি কাজী নজরুল ইসলামের কোন কবিতার শতবর্ষ উদ্‌যাপিত হয়েছে?

A. নারী B. কামাল পাশা C. বিদ্রোহী D. আনন্দময়ীর আগমনে

সঠিক উত্তর C. বিদ্রোহী

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	বিড়াল	কবির গ্রন্থাবলী	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কাজী নজরুল ইসলাম রচিত 'বিদ্রোহী' কবিতাটি কবির প্রথম কাব্যগ্রন্থ অগ্নিবীণা থেকে সংকলিত হয়েছে। যেটি ১৯২২ সালে সংকলিত হয়। সম্প্রতি এ বছর ২০২২ সালে এ কবিতাটির শতবর্ষ উদযাপিত হয়েছে। এই কবিতা রচনার মধ্য দিয়েই রবীন্দ্রযুগে নজরুল ইসলাম কবি খ্যাতির সূচনা করেন। বিদ্রোহী কবিতাটি বাংলা সাহিত্যের একটি শ্রেষ্ঠ কবিতাও বটে । এই কবিতাটি চির বিদ্রোহ অভ্রভেদী চির উন্নত শিররূপে পৃথিবীতে বিরাজ করবে।

05. 'অপরিচিতা' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?

A. লাঙ্গল B. ভারতী C. কল্লোল D. সবুজপত্র

সঠিক উত্তর D. সবুজপত্র

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	অপরিচিতা	পত্রিকায় প্রকাশ	পৃষ্ঠা: ৫৫৯

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: অপরিচিতা, প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকা ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রবীন্দ্রগল্পের সংকলন 'গল্পসপ্তক'-এ এবং পরে 'গল্পগুচ্ছ' তৃতীয় খণ্ডে (১৯২৭)। গল্পটির মূল বিষয়বস্তু ছিল নারীর নবজাগরণকে তুলে ধরে সমাজে প্রচলিত যৌতুকসহ নানা ধরনের বৈষম্যমূলক প্রথার ব্যাপার অন্তচক্ষু জাগ্রত করা।

06. ১৯৪৩-এর দুর্ভিক্ষের প্রতিফলন ঘটেছে কোন গল্পে?

A. ফসিল B. মৌসুম C. একটি তুলসী গাছের কাহিনী D. পুঁইমাচা

সঠিক উত্তর B. মৌসুম

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	চাষার দুক্ষু	গল্প থেকে	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মৌসুম গল্পটি ১৯৪৩ এর দুর্ভিক্ষ পরবর্তীকালের কাহিনি রচিত । তখন দেশে জমিদারি ব্যবস্থা প্রচলিত ছিল। জমিদারের শোষণের বিরুদ্ধে কৃষকদের মধ্যে যে নতুন চেতনা সৃষ্টি হয়েছে সেটাই গল্পের মূল বিষয়। ইংরেজ শাসনের যাতাকলে পড়ে এদেশের মানুষের নানা ধরনের পরিবর্তন লক্ষ করা যায়, দেশীয় পণ্যকে বাদ দিয়ে বৈদেশিক পণ্য নির্ভরতা আমাদের চরমভাবে অলস ও আরামপ্রিয় এবং কর্মবিমুখ করে রেখেছে। যা কবি ' মৌসুম' গল্পে তুলে ধরেছেন।

07. 'মহুয়া' পালায় বাংলাদেশের কোন অঞ্চলের উপভাষা পাওয়া যায়?

A. সিলেট B. চট্টগ্রাম C. ময়মনসিংহ D. রংপুর

সঠিক উত্তর C. ময়মনসিংহ

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	যাদুঘরে কেন যাব	উপভাষা	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: মৈমনসিংহ গীতিকার প্রথম খণ্ড থেকে এ পালাটি গদ্যে রূপান্তর করে গৃহিত হয়েছে। এ পালায় ময়মনসিংহ অঞ্চলের উপভাষা পাওয়া যায়।এদেশের নানাবিদ বৈচিত্রের মাঝে অন্যতম হলো ভাষার বৈচিত্র। যা বিভিন্ন অঞ্চলে বিভিন্ন রূপে প্রকাশ পেয়েছে। ময়মনসিংহ অঞ্চলের উপভাষা 'মহুয়া' তার অন্যতম সংস্করণ।

08. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে' ।-কার উক্তি?

A. মহাত্মা গান্ধী B. সুফিয়া কামাল C. শেখ মুজিবুর রহমান D. রবীন্দ্রনাথ ঠাকুর

সঠিক উত্তর C. শেখ মুজিবুর রহমান

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	বায়ান্নর দিনগুলো	মূল গল্প থেকে	পৃষ্ঠা: ৫৬৫

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: আলোচ্য লাইনটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যা বায়ান্নর দিনগুলো থেকে নেয়া হয়েছে। পাকিস্তানিদের ক্রমাগত বৈষম্যের কারণে এদেশের মানুষের কাছে তারা দিন দিন অত্যাচারী হিসেবে পরিচিতি লাভ করতে শুরু করে। তাদের আশু পতন উপলব্ধি করে বঙ্গবন্ধু আলোচ্য উক্তিটি করেন।

09. 'ন্যূনতম' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?

A. নূনতম B. নুনতম C. নুনোতমো D. নুনোতম

সঠিক উত্তর C. নুনোতমো

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	উচ্চারণ	'ণ্' শব্দ থেকে	জ্ঞান

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: (ু)-কারের পর অ-এর উচ্চারণ সংবৃত হয়।

10. 'ভালোবাসা'কে অস্ত্রের সঙ্গে তুলনা করেছেন কোন কবি?

A. কাজী নজরুল ইসলাম B. আহসান হাবীব C. শহীদ কাদরী D. শামসুর রহমান

সঠিক উত্তর B. আহসান হাবীব

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	সেই অস্ত্র	কবিতা থেকে	পৃষ্ঠা: ৫৭৪

সঠিক উত্তরের পক্ষে যুক্তি:সেই অস্ত্র কবিতায় কবি আহসান হাবীব সেই অস্ত্র বলতে ভালোবাসাকে বুঝিয়েছেন। এ কবিতাটি শান্তিপ্রিয় পৃথিবীবাসীর জন্য এক চিরায়িত প্রার্থনাসংগীত। নানা ধরনের বৈষম্যে, যুদ্ধে ও মারামারি, হানাহানিতে এ পৃথিবী ক্ষত-বিক্ষত, কবি তার অব্যর্থ অস্ত্র ভালোবাসা দিয়ে এই দ্বিধা -বিভক্ত পৃথিবীকে পরাজিত করে পৃথিবীতে শান্তি প্রতিষ্টা করার উদাত্ত আহ্বান করেছেন।

11. 'অলঙ্কারের ধ্বনি'কে এক কথায় কী বলা হয়?

A. নিক্বন B. শিঞ্জন C. বৃংহতি D. ঝঙ্কার

সঠিক উত্তর B. শিঞ্জন

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	এক কথায় প্রকাশ	'অ' শব্দ থেকে	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: হাতির ডাক- বৃংহতি। রাজহাঁসের ডাক- ক্রেকার; ধনুকের ধ্বনি- টঙ্কার; ময়ূরের ঢাক - কেকা। একা-একা কথা বলা-স্বগতোক্তি, একই সময়ে- যুগপৎ, কপালে আঁকা তিলক-রসকলি, কুল ত্যাগ করে যে-কুলটা।

12. 'monitoring'-শব্দটির বাংলা পরিভাষা কোনটি?

A. পরিবীক্ষণ B. নিরীক্ষণ C. পর্যালোচনা D. পর্যবেক্ষণ

সঠিক উত্তর A. পরিবীক্ষণ

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	পারিভাষিক শব্দ	'M' শব্দ থেকে	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Monitoring- পরিবীক্ষণ; visitors- পরিদর্শন; Revision-পর্যালোচনা।

13. 'আফতাব সংগীত' গ্রন্থের রচয়িতা কে?

A. হাছন রাজা B. শীতালং শাহ্ C. লালন সাঁই D. শাহ আবদুল করিম

সঠিক উত্তর D. শাহ আবদুল করিম

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	-	লেখক গ্রন্থের	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি:

SDWhy শাহ আবদুল করিম এর প্রকাশিত প্রথম গ্রন্থ 'আফতাব সংগীত' যা প্রকাশিত হয় ১৯৪৮ সালে।

14. 'ড্রামা' শব্দটি কোন ভাষা থেকে আগত?

A. গ্রিক B. ইংরেজি C. ফরাসি D. লাতিন

সঠিক উত্তর A. গ্রিক

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	শব্দের শ্রেণিবিভাগ	গ্রিক শব্দ	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: ড্রামা শব্দটি গ্রিক ভাষা থেকে আগত। বাংলা ভাষায় বিভিন্ন বিদেশী শব্দের প্রবেশ ঘটেছে। কালের পরিক্রমায় এখন তা বাংলা ভাষার নিজস্ব সম্পদে পরিণত হয়েছে। এভাবেই বাংলা শব্দভাণ্ডার সমৃদ্ধ হচ্ছে প্রতিনিয়ত।

15. 'এ এক বিরাট সত্য?- এই বাক্যে 'সত্য' কোন পদ?

A. বিশেষণ B. অব্যয় C. ক্রিয়া D. বিশেষ্য

সঠিক উত্তর D. বিশেষ্য

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	পদ-প্রকরণ	বিশেষ্য	পৃষ্ঠা: ৫৯৪

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বিভক্তিযুক্ত শব্দদ্বয় হলো পদ। সত্য- বিশেষ্য পদ; বিরাট-বিশেষণ পদ;

16. 'খাঁটি সোনার চেয়ে খাঁটি আমার দেশের মাটি।'- এটি কোন ধরনের বাক্য?

A. মিশ্র B. যৌগিক C. জটিল D. সরল

সঠিক উত্তর D. সরল

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	বাক্যতত্ত্ব	বাক্য চিহ্নিতকরণ	পৃষ্ঠা: ৫৯৬

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কতকগুলো পদের সমষ্টিতে বাক্য গঠিত হলেও যে- কোনো পদসমষ্টি বাক্য নয়। বাক্যের বিভিন্ন পদের মধ্যে পারস্পরিক সম্পর্ক থাকা আবশ্যক। যে বাক্যে একটি কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন: পুকুরে পদ্মা ফুল জন্মে।

17. চন্দ্রবিন্দু চিহ্নের ভুল প্রয়োগ হয়েছে কোন শব্দে?

A. আঁকাবাঁকা B. সাঁতার C. কাঁধ D. কাঁচ

সঠিক উত্তর D. কাঁচ

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	শুদ্ধিকরণ	-	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: চন্দ্রবিন্দু চিহ্নের ভুল প্রয়োগ হয়েছে কাঁচ শব্দে।

18. 'দুর্নীতি', 'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দগুলোতে ণ-ত্ব বিধান প্রযোজ্য নয় কেন?

A. দেশি শব্দ B. তৎসম শব্দ C. বিদেশি শব্দ D. সমাসবদ্ধ শব্দ

সঠিক উত্তর D. সমাসবদ্ধ শব্দ

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	ষত্ব ও ণত্ব বিধান	ণ-ত্ব বিধান	পৃষ্ঠা: ৫৮১

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: সমাসবদ্ধ শব্দে ণ-ত্ব বিধান প্রযোজ্য হয় না। অর্থাৎ 'ন' এর ব্যবহার করতে হয়। যেমন: ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম ইত্যাদি।

19. কোনটি সুফিয়া কামালের কাব্যগ্রন্থ নয়?

A. সাঁঝের মায়া B. কেয়ার কাঁটা C. কুহু ও কেকা D. মায়া কাজল

সঠিক উত্তর C. কুহু ও কেকা

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	চাষার দুক্ষু	লেখকের গ্রন্থ	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কবি সুফিয়া কামাল বাংলাদেশের বিশিষ্ট মহিলা কবি ও নারী আন্দোলনের অন্যতম পথিকৃৎ, সাহিত্য সাধনা ও নারী আন্দোলনে ব্রতী হয়ে তিনি শুধু বরনীয় হয়নি, জননী সম্ভাষণে ভূষিত হয়েছেন। সাঁজের মায়া, কেয়ার কাঁটা ও মায়াকাজল সুফিয়া কামালের কাব্যগ্রন্থ। অন্যদিকে কুহু ও কেকা কবি সত্যেন্দ্রনাথ দত্ত রচিত।

20. 'কেঁচেগণ্ডুষ' শব্দ দ্বারা বোঝায়–

A. নতুন করে আরম্ভ করা B. কাউকে শাস্তি দেয়া C. হতবুদ্ধি হওয়া D. কোনো কাজ সফলভাবে শেষ করা

সঠিক উত্তর A. নতুন করে আরম্ভ করা

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	বাগধারা	'ক' শব্দ থেকে	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কেঁচো গণ্ডুস বাগধারাটির অর্থ- নতুন করে আরম্ভ করা বা পুনরায় আরম্ভ করা। যেমন: সবটাই ভুল হয়েছে; আবার কেঁচো গণ্ডুস করতে হবে দেখছি।

21. 'এন্ডি' শব্দের অর্থ কি?

A. মোটা খাদি কাপড় B. বাটিক করা কাপড় C. মোটা রেশমি কাপড় D. আমদানি তাঁতের কাপড়

সঠিক উত্তর C. মোটা রেশমি কাপড়

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	চাষার দুক্ষু	লেখা থেকে	পৃষ্ঠা: ৫৬০

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: 'এন্ডি' শব্দের অর্থ মোটা রেশমি কাপড়। ব্রিটিশ শাসিত এ অঞ্চলের ঐহিত্যবাহী কাপড় ছিল এন্ডি। যা এ অঞ্চলের বিখ্যাত কাপড় হিসেবে পরিগণিত ছিল। পরবর্তীতে বিদেশী কাপড়ের আধিপত্যে যা এককালে হারিয়ে যাওয়ার পর্যায়ে চলে যায় এবং হারিয়ে যায়।

22. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় কোন চারটি নদীর নাম পাওয়া যায়?

A. কর্ণফুলী, ধলেশ্বরী, পদ্মা, জলাঙ্গী B. ধলেশ্বরী, সন্ধা, পদ্মা, জলাঙ্গী C. ধলেশ্বরী, কর্ণফুলী, পদ্মা, ধানসিঁড়ি D. জলাঙ্গী, সন্ধ্যা, কর্ণফুলী, ধানসিঁড়ি

সঠিক উত্তর A. কর্ণফুলী, ধলেশ্বরী, পদ্মা, জলাঙ্গী

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	এই পৃথিবীতে এক স্থান আছে	কবিতা অনুধাবন	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কবিতাটিতে চারটি নদীর নাম উল্লেখিত রয়েছে। নদীমাতৃক এ দেশের অন্যতম অংশ এদেশের নদীসমূহ এ ভাগের সৌন্দর্য ও অবহমান কাল থেকে এদেশের মানুষের এক অন্যতম অংশ হিসেবে বিবেচিত হয়ে আসছে। যা কবি লুকাতে চাননি।

23. একটি উপমেয়ের একাধিক উপমান থাকলে তাকে কী বলা হয়?

A. লুপ্তোপমা B. রূপক C. পূর্ণোপমা D. মালোপমা

সঠিক উত্তর D. মালোপমা

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	সমাস	উপমান-উপমেয়	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: একটি উপমেয়ের একাধিক উপমান থাকলে তাকে মালোপমা বলা হয়। সমাস শব্দ সমূহের মাছে যুক্তকরণ প্রক্রিয়ার মাধ্যমে সংক্ষেপন করে নতুন, সহজবোধ্য , প্রাঞ্জল করে তোলার মাধ্যমে শব্দে নতুন মাত্রা যোগ করে। যার অন্যতম হলো মালোপমা।

24. 'উক্তি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

A. √উক্ + তি B. উচ্ + ক্তি C. √বচ্ + তি D. বচ্ + তি

সঠিক উত্তর C. √বচ্ + তি

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	প্রকৃতি ও প্রত্যয়	প্রকৃতি	পৃষ্ঠা: ৫৯৩

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: বিচু + ক্তি → উক্তি; বিচ্ + ত → উক্ত; বিচ্ + ইত = উচিত। দাঁত + উয়া = দেঁতো (হাসি), ইষ্ + অ + আ = ইচ্ছা।

25. 'দুর্নিবার' শব্দের সমার্থক শব্দ কোনটি?

A. অনিবার্য B. বারবার C. অনুসার D. তুরঙ্গ

সঠিক উত্তর A. অনিবার্য

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	আঠারো বছর বয়স	সমার্থক শব্দ	জ্ঞানমূলক

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: দুর্নিবারের সমার্থক শব্দ- অনিবার্য, দুর্বার, অনিরুদ, অনির্বাণ ইত্যাদি।

প্রশ্ন- ২৫টি	ইংরেজি	নম্বর- ২৫

01. We went out —— the cold Weather.
A. despite B. however C. besides D. although
সঠিক উত্তর A. despite

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Conjunction	Conjunction	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: A→সত্ত্বেও; B→However-যাহোক; C→ Besides-ছাড়াও; D→Although-যদিও। উপরোক্ত বাক্যে বলা আছে, ঠান্ডা আবহাওয়া থাকা সত্ত্বেও আমরা বাহিরে যাবো। অর্থাৎ সত্ত্বেও অর্থে despite ব্যবহার করা হয়।

02. What is the meaning of the idiom 'Under the Weather'?
A. Wet all over B. Exposed to severe weater conditions
C. Unwell D. Under a weather warning
সঠিক উত্তর C. Unwell

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Phrase & Idiom	Idiom	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: প্রশ্নে Idiom এর অর্থ ভালো লাগছে না বা অসুস্থ। যার ইংরেজি প্রতিশব্দ unwell। Unwell অর্থ অসুস্থ।
Option A এর অর্থ – সব ভেজা এমন। Option B এর অর্থ – তীব্র আবহাওয়ার সংস্পর্শ। Option D এর অর্থ – আবহাওয়ার সতর্কতার অধীন।

03. It is dangerous to walk —— the highway.
A. beside B. by C. in D. across
সঠিক উত্তর D. across

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Preposition	Appropriate Preposition	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কোন সমতলের একপাশ হতে অপর পাশ অতিক্রম করা অর্থে across ব্যবহৃত হবে। It is dangerous to walk across the highway.→হাইওয়ে পারাপার ঝুকিপূর্ন। কোনো কিছুর পাশে বোঝাতে Beside ব্যবহার হয়। কোনো কিছুর দ্বারা বোঝাতে By ব্যবহার হয়। কোনো কিছুর মধ্যে বোঝাতে In ব্যবহার হয়।

04. I saw the ferry —— down the river.
A. floating B. float C. to float D. be floated
সঠিক উত্তর A. floating

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Verb	Verb	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: একটি Simple Sentence এ একটি মাত্রা Finite Verb বসে। বাক্যে একটি F.V থাকায় Blank এ একটি Non-Finite Verb নিতে হবে। Option এ দুটি Non-Finite Verb লক্ষণীয়। (i) Floating (ii) to float. আমরা জানি উদ্দেশ্য বোঝালে Infinitive (To + verb এর base form) যেহেতু এখানে কোন উদ্দেশ্য লক্ষনীয় নই কাজেই Answer Floating.

05. Which word is both a noun and a verb?
A. belive B. void C. advice D. instruct
সঠিক উত্তর B. void

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Parts of speech	Noun & Verb	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Void শব্দটি Noun এবং Verb উভয় হিসেবে ব্যবহৃত হতে পারে। Void (n)→বাতিল; Void (v)→বাতিল করা। এমন আরও কিছু Word → Water (n) -পানি; Water (v)→ পানি দেওয়া। অন্যদিকে belive অর্থ বিশ্বাস করা যেটি verb। Advice শুধু noun হিসেবে ব্যবহার হয় এবং Instract noun এবং verb উভয় হতে পারে না।

06. To be considered ecotourism, a trip must.
A. maximize the impace of visiting the locations
B. provide indirect financial aid for conseryation
C. raise the travelers' awareness of the host country's political, environmental, and social climate
D. ensure positive experience only for the travelers
সঠিক উত্তর C. raise the travelers' awareness of the host country's political, environmental, and social climate

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Sentence completion	Sentence completion	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: এটি sentence completion এর প্রশ্ন। এক্ষেত্রে উভয় clause এর অর্থ মিলিয়ে এবং sequence of tense মিলিয়ে সঠিক উত্তর বাছাই করতে হবে। অর্থাৎ অর্থ বিবেচনা করে Option C সঠিক উত্তর।

07. "Man is by nature a social animal," said by.

A. Plato B. Aristotle C. Darwin D. Shakespeare

সঠিক উত্তর B. Aristotle

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Literature	Literature	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: "Man is by nature a social animal," যার বাংলা অর্থ মানুষ একটি সামাজিক প্রাণী এবং এই উক্তিটি বলেন Aristotle।

08. ——— you need any further information, please contact the help desk.

A. Should B. However C. Although D. Why

সঠিক উত্তর A. Should

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Right form of verb	Right form of verb	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: এখানে উপরের বাক্যের অর্থ, তোমার যদি আরও তথ্যের দরকার হয় তাহলে হেল্প ডেস্কে যোগাযোগ কর। এখানে এই বাক্যে যদি অর্থে Should ব্যবহার করা হয়েছে। However এর অর্থ যাহোক, Why এর অর্থ কেন, Although অর্থ যদিও।

09. A word similar to 'ecstasy' is

A. plaight B. delight C. increment D. bliss

সঠিক উত্তর D. bliss

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Synonym	Synonym	Page : 540

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: (a) Ecstasy-পরমানন্দ; (b) Increment-বৃদ্ধি; (c) Plight-দুর্দশা; (d) Bliss-সুখ; (e) Delight-আনন্দ।

10. "Life is a walking shadow." Here the underlined word is a/an

A. Noun B. Adjective C. Verb D. Adverb

সঠিক উত্তর A. Noun

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Noun	Gerund	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Walking শব্দটি Noun word 'Shadow' এর আগে দেখে Adj Answer করলে ভুল হবে। এটি Adj নাকি Noun নির্ণয় করতে প্রথমে Gerund নাকি Participle তা নির্ণয় করতে হবে। ∴ Gerund/Participle নির্ণয়ের একটি Tec.

♦ Noun Word টি + Be verb + ing যুক্ত word. এভাবে সাজিয়ে যদি সঠিক অর্থ দেয় তবে ing যুক্ত শব্দটি Participle সঠিক অর্থ না দিলে Gerund.

হাতে-কলমে: walking Shadow/→ Shadow is walking.

Shadow কখনো হাটতে পারে না কাজেই এটি একটি অর্থবোধক বাক্য নই। তাই এটি Gerund. Gerund Noun এর কাজ করে সুতরাং বাক্যের walking শব্দটি Noun.

11. Manasamangal is a/an ———.

A. tragedy B. comedy C. epic D. ethnic song

সঠিক উত্তর D. ethnic song

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Literature	Literature	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Manasamangal একটি ethnic song। এটি লিখেছেন কানা হরিদত্ত।

12. Which one is not the characteristic of folk music?

A. influenced by classical music B. transmitted orally C. sung in groups of individually D. no regular practice is required

সঠিক উত্তর A. influenced by classical music

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Text Book	Poem	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Folk music (লোক সংগীত) Classical Music দ্বারা প্রভাবিত হয় না। লোক সংগীত দলে দলে বা একাকী মৌখিকভাবে গাওয়া হয়। এই সঙ্গীত গাইতে নিয়মিত চর্চার প্রয়োজন নেই।

13. Verbal bullying refers to-

A. spitting B. tripping C. teasing D. spreading rumours

সঠিক উত্তর C. teasing

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Sentence Completion	Sentence Completion	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Verbal bullying অর্থ জ্বালানো বা বিরক্ত করা। যার ইংরেজি teasing। Spitting অর্থ – থুথু। Tripping অর্থ - দ্রুতগামী।

14. As he had COVID-19, he had to be —— from other members of his family.

A. Estranged B. eliminated C. isolated D. alienated

সঠিক উত্তর C. isolated

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Sentence Completion	Sentence Completion	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: কোভিড-১৯ থেকে পরিত্রাণ পেতে বা পরিবার থেকে বিচ্ছিন্ন অর্থে Isolated ব্যবহার করা হয়।

Sub + modal Verb + be + V_3 ;আরও কিছু জেনে নেওয়া যাক–

- Sub + modal Verb + v (bf)
- Sub + modal verb + have + v_3.

15. A remedy for all diseases is known as

A. panacea B. apathetic C. marvel D. recompense

সঠিক উত্তর A. panacea

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Synonym	Synonym	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: A remedy for all diseases অর্থ সকল রোগের প্রতিষেধক, যার ইংরেজি প্রতিশব্দ panacea।

(a) Panacea→সর্বরোগের ওষধ; (b) Apathetic→ উদাসীন; (c) marvel→ বিস্ময় (d) recompense→প্রতিদান।

16. The meaning of 'prodigious' is-

A. great in leadership B. a person in great pain
C. exceptionally active D. remarkably great in mental or physical ability

সঠিক উত্তর D. remarkably great in mental or physical ability

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Synonym	Synonym	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Prodigious → অসাধারণ। মানসিক ও শারীরিকভাবে যারা অনন্য তাদেরকে Prodigious বলা হয়।

17. Find out the sentence that maintains subject and verb agreement.

A. The jury was not from the same town. B. He talks as if he was a king
C. I had my room clean. D. He ran fast lest the should have miss the train.

সঠিক উত্তর A. The jury was not from the same town.

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Right form of verb	Right form of verb	Page: 517

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: The + collective noun হলে সেটি plural common noun হয়। এক্ষেত্রে একমত বোঝালে verb singular হবে এবং দ্বিমত বোঝালে verb plural হবে। Jury একটি Collective Noun. Collective Noun এর Verb Singular হয়।

18. Choose the appropriate pair of words that matches the relationship between Petrol: Car.

A. Red: Rose B. Horse: Cart C. Tools: Carpenter D. Seed: Orange

সঠিক উত্তর B. Horse: Cart

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গুচ্ছ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Analogy	Analogy	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Petral → জ্বালানী তেল, Car → গাড়ী/যান } Petrol দিয়ে যান্ত্রিক গাড়ী চলে।

Horse → ঘোড়া, Cart → পশুবাহিত গাড়ি } ঘোড়া দিয়ে পশুবাহিত গাড়ী চলে।

19. To read between the lines' means

A. to read carefully
B. to read only some lines
C. to read quickly to save time
D. to read carefully to find out any hidden meaning

সঠিক উত্তর D. to read carefully to find out any hidden meaning

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গ্রুপ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Idiom & Phrase	Idiom	Page: 548

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: Read between the line একটি Phrase। যার অর্থ; লুকানো অর্থ খুজে বের করা। অর্থাৎ কোন কিছুর অন্তর্নিহিত verb খুজে বের করা। যার ইংরেজি find out any hidden meaning।

20. "LIfe is a broken-winged bird/That cannot fly"- these lines are written by

A. D.H. Lawrence B. W.H. Auden C. Martin Luther king Jr. D. Langston Hughes

সঠিক উত্তর D. Langston Hughes

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গ্রুপ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
	Text Book	Poem	Basic

সঠিক উত্তরের পক্ষে যুক্তি: এই লাইনটি Langston Hughes এর Hold Fast to Dreams কবিতাটি থেকে নেওয়া হয়েছে।

21. Which sentence is grammatically correct?

A. Either Rimi or her brothers know the news.
B. Either Rimi or her brothers knowns the news.
C. Either Rimi or her brothers known the news.
D. Neither Rimi or her brothers knows the news.

সঠিক উত্তর A. Either Rimi or her brothers know the news.

পোস্টমর্টেম রহস্য!!!	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিক থেকে করা হয়েছে	নেটওয়ার্ক (গ্রুপ) বইয়ের যেখান থেকে যেভাবে প্রশ্নটি Common পড়েছে
